

যুগান্তর

প্রিন্ট: ০২ মার্চ ২০২৫, ০৭:৩৯ এএম

শিক্ষাঙ্গন

ডেন্টালে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৮ ফেব্রুয়ারি ২০২৫, ০৩:৩৩ পিএম



দেশের সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বিডিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ৫৪৫টি আসনের প্রতিযোগিতাপূর্ণ এই পরীক্ষায় সারা দেশে অংশগ্রহণ করেছেন ৬৮ হাজার ৬৮৪ জন

পরীক্ষা অনুষ্ঠিত হয়।

জানা গেছে, ডেন্টাল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন অনুযায়ী প্রতি আসনের বিপরীতে ১২৬ জন ভর্তিচ্ছু প্রতিদ্বন্দ্বিতা করেন। লিখিত পরীক্ষায় ১০০টি প্রশ্নের প্রতিটি ১ নম্বর করে মোট নম্বর ১০০। বিষয়ভিত্তিক নম্বর বিভাজনে জীববিজ্ঞান ৩০, রসায়ন ২৫, পদার্থবিজ্ঞান ২০, ইংরেজি ১৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) ১০ নম্বর রয়েছে। পরীক্ষার সময়কাল এক ঘণ্টা। লিখিত পরীক্ষায় প্রতিটি সঠিক উত্তরে ১ নম্বর প্রদান করা হবে।

পরীক্ষার বিজ্ঞপ্তি অনুযায়ী, কোনো প্রশ্নের একাধিক উত্তর প্রদান করলে উত্তরটি ভুল বলে গণ্য হবে। প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় ৪০ (চল্লিশ) নম্বরের কম প্রাপ্তরা দেশে ভর্তি ও বিদেশে বিডিএস/সমতুল্য কোর্সে ভর্তির অনুমতির জন্য অকৃতকার্য হিসাবে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাক্রমসহ ফল প্রকাশ করা হবে।

প্রসঙ্গত, সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের মোট ৫৪৫ আসনের মধ্যে জেনারেল ৫১৩, মুক্তিযোদ্ধা কোটায় ২৭ এবং ট্রাইবাল কোটায় ৫টি আসন রয়েছে।